দৈনিক ইনকিলাব

তারিখ 05 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ১

128

# নিউ মডেল ডিগ্রী কলেজে ছাত্র সংঘর্ষ গুলী ও বোমাবাজি আহত ৭

॥ স্টাফ রিপোর্টার ॥

গতকাল দুপুরে শুক্রাবাদ নিউ মডেল ডিগ্রী কলেজে ছাত্র দল ও মুজিববাদী ছাত্র লীগের কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। গুলী বর্ষণ, বোমাবাজি ও ইট-পাটকেল নিক্ষেপে ৭ জন ছাত্র আহত হয়। প্রায় পৌনে এক ঘন্টাব্যাপী সংঘর্ষ থামানোর জন্য পুলিশকে কাঁদানে গ্যাস সেল প্রয়োগ করতে হয়েছে।

পুলিশ জানায়, দু'টি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে গত সোমবার কথা কাটাকাটি হয়। এর জের হিসাবে দু'পক্ষই সশস্ত্র অবস্থায় কলেজে এসে সংঘর্ষে লিপ্ত হয়। ফাঁকা গুলী বর্ষণ ও বোমাবাজি শুরু হলে কলেজের ছাত্র-ছাত্রীরা ছুটোছুটি করে। আশপাশে আতংক ছড়িয়ে পড়ে। সংঘর্ষের খবর পেয়ে পুলিশ কলেজের সামনে এসে ৫/৬ রাউণ্ড কাঁদানে গ্যাস সেল নিক্ষেপ করলে ছাত্ররা ছত্রভঙ্গ হয়ে গা-ঢাকা দেয়। এ ঘটনায় কেউ আহত হয়েছে কি-না সে সম্পর্কে পুলিশ কিছু জানাতে পারেনি। তবে কলেজ ছাত্ররা জানায়, ৭ জন আহত হয়েছে।

সংঘর্ষের প্রতিবাদে বিকেলে জাতীয় প্রেসক্লাবে কলেজ ছাত্র সংসদের উদ্যোগে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সংসদের সাধারণ সম্পাদক মাসুদ আদনান সিদ্দিকী বলেন, সরকারী দলের ছত্রছায়ায় শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র দল সন্ত্রাস করছে। গত দু'দিনে বহিরাগত চাঁদাবাজ ও সন্ত্রাসীদের নিয়ে ছাত্র দল কলেজ সংসদ কার্যালয় দখল করে নেয়। তারা তহবিল লুট ছাড়াও সংসদ কর্মকর্তা ও ছাত্র লীগ নেতা-কর্মীদের হুমকি দেয়।